বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
প্রধান কার্যালয়, কুমিল্লা
www.bgdcl.gov.bd

নম্বর: ২৮.১১.০০০০.০০০.৪৪১.৯৯.০০৩৯.২৬.৫৮

তারিখ: ২৭ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
১২ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

অফিস আদেশ-১৩০০

বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (বিজিডিসিএল)-এর পুরাতন/অকেজো **যানবাহন ও এর যন্ত্রাংশ** প্রকৃতপক্ষে ব্যবহারযোগ্য, মেরামতযোগ্য অথবা কনডেমযোগ্য কি-না তা যথাযথভাবে যাচাই-বাছাইয়ের প্রয়োজনীয়তা রয়েছে।

এ পরিপ্রেক্ষিতে, যানবাহন ও এর যন্ত্রাংশ ক্রয়, প্রতিস্থাপন ও অপসারণের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ এবং এর যথাযথ মূল্যায়নের লক্ষ্যে উক্ত যানবাহন ও যন্ত্রাংশের ব্যবহারযোগ্যতা, মেরামতযোগ্যতা ও কনডেম/নিলামযোগ্যতা নিরূপণ করার জন্য নিম্নবর্ণিত পদধারী কর্মকর্তাদের সমন্বয়ে একটি **স্থায়ী কনডেমনেশন কমিটি** গঠন করা হলো:

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

ক্রমিক নম্বর	কর্মকর্তার পদবী	কমিটিতে অবস্থান
১।	উপমহাব্যবস্থাপক (মেইন্টেন্যান্স) মেইন্টেন্যান্স ডিপার্টমেন্ট, বিজিডিসিএল, কুমিল্লা	সদস্য
২।	উপমহাব্যবস্থাপক (কমন সার্ভিস এন্ড প্রটোকল) কমন সার্ভিস এন্ড প্রটোকল ডিপার্টমেন্ট, বিজিডিসিএল, কুমিল্লা।	সদস্য
৩।	উপমহাব্যবস্থাপক (হিসাব/নিরীক্ষা) হিসাব/নিরীক্ষা ডিপার্টমেন্ট, বিজিডিসিএল, কুমিল্লা।	সদস্য
৪।	উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা) পরিকল্পনা ডিপার্টমেন্ট, বিজিডিসিএল, কুমিল্লা।	সদস্য
৫।	ব্যবস্থাপক (ভেহিকেল মেইন্টেন্যান্স) মেইন্টেন্যান্স ডিপার্টমেন্ট, বিজিডিসিএল, কুমিল্লা	সদস্য
৬।	বিভাগীয় প্রধান বা তার প্রতিনিধি মেকানিক্যাল ডিপার্টমেন্ট কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউট, কোটবাড়ি, কুমিল্লা।	সদস্য
৭।	ব্যবস্থাপক/উপব্যবস্থাপক (ট্রান্সপোর্ট) কমন সার্ভিস এন্ড প্রটোকল ডিপার্টমেন্ট, বিজিডিসিএল, কুমিল্লা।	সদস্য-সচিব
৮।	সহকারী পরিচালক বা তার প্রতিনিধি বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ) কোর্ট বিল্ডিং, কুমিল্লা।	সদস্য

২। কমিটির বিবেচ্য বিষয় ও করণীয় (TOR):

ক) কমিটি কোম্পানির পুরাতন/অকেজো যানবাহন ও যন্ত্রাংশ সরেজমিনে পরীক্ষা-নিরীক্ষা করে সেগুলোর গুণগতমান ও উপযুক্ততা যাচাইপূর্বক এর ব্যবহারযোগ্যতা, মেরামতযোগ্যতা ও কনডেমযোগ্যতা নির্ধারণ করবে;

খ) কোনো যানবাহন বা এর যন্ত্রাংশ মেরামতের মাধ্যমে পুনরায় ব্যবহারযোগ্য হলে, কমিটি প্রয়োজনীয় মেরামত/সংস্কারের সুপারিশ করবে এবং মেরামত অর্থনৈতিকভাবে যৌক্তিক না হলে তা কনডেমযোগ্য বা স্ক্র্যাপযোগ্য হিসেবে চিহ্নিত করবে;

গ) কোনো যানবাহন বা এর যন্ত্রাংশ কনডেমযোগ্য হিসেবে বিবেচিত হলে, কমিটি প্রচলিত বিধিবিধান অনুসরণপূর্বক তা কনডেম ঘোষণা করবে এবং স্ক্র্যাপ করার সুপারিশ করবে;

ঘ) যানবাহনের যন্ত্রাংশ অব্যবহারযোগ্য/অকেজো বা পুনঃব্যবহার/অপসারণ/নিলামের সুপারিশসহ প্রস্তাবের ক্ষেত্রে ৬ নং ও ৮ নং ক্রমিকে বর্ণিত সদস্য অর্থাৎ কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউট ও বিআরটিএ প্রতিনিধি প্রয়োজন হবে না। তবে, অব্যবহারযোগ্য গাড়ী অকেজো ও বাতিল ঘোষণার ক্ষেত্রে গাড়ীর গুণগতমান ও উপর্যুক্ততা যাচাইপূর্বক চিহ্নিত গাড়ী পুনঃব্যবহার/অপসারণ/নিলামের সুপারিশসহ প্রস্তাবের ক্ষেত্রে বর্ণিত কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউট এবং বিআরটিএ'র প্রতিনিধির অংশগ্রহণের অপরিহার্যতা রয়েছে। উল্লেখ্য যে, বহিরাগত সদস্যগণের স্ট্যান্ডিং কনডেমনেশন কমিটিতে মনোনয়ন প্রদানের নিমিত্ত যোগাযোগ/পত্র প্রেরণ এবং পেট্রোবাংলার স্মারক অনুযায়ী তাদেরকে সম্মানী প্রদানের সকল ব্যবস্থা বর্ণিত কমিটির আহবায়ক গ্রহণ করবেন। কমিটি এতসসংক্রান্ত একটি রিপোর্ট সুপারিশসহ প্রস্তাব মহাব্যবস্থাপক (প্রশাসন)-এর নিকট দাখিল করবে।

ঙ) যানবাহন বা যন্ত্রাংশ পরিবর্তন/প্রতিস্থাপনের ক্ষেত্রে তা আবশ্যিকভাবে কমিটির মাধ্যমে কনডেম/ স্ক্র্যাপ ঘোষণা করা হয়েছে কিনা তা নিশ্চিত করতে হবে;

চ) কমিটি প্রয়োজনে উপর্যুক্ত কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে মতামত ও সুপারিশ প্রদান করবে; এবং

ছ) কমিটির জ্যেষ্ঠ কর্মকর্তা আহবায়কের দায়িত্ব পালন করবেন।

৩। কনডেমনেশন কমিটির সুপারিশের আলোকে স্ট্যান্ডিং নিলাম কমিটি যথানিয়মে সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করে যানবাহন ও যন্ত্রাংশ নিলামে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করবে।

৪। কমিটির চাহিদা মোতাবেক সংশ্লিষ্ট ডিভিশন/ডিপার্টমেন্ট তথ্য প্রদানে সার্বিক সহযোগিতা প্রদান করবে।

৫। এ আদেশ বলে এ সংক্রান্ত পূর্বের সকল অফিস আদেশ বাতিল বলে গন্য হবে।

৬। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

১২-১০-২০২৬
নাহিদ বানী ইসলাম
মহাব্যবস্থাপক (প্রশাসন)

নম্বর: ২৮.১১.০০০০.০০০.৪৪১.৯৯.০০৩৯.২৬.৫৮/১ (১৫)

তারিখ: ২৭ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ / ১২ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
২। সকল মহাব্যবস্থাপক/সচিব, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।।
৩। সকল স্থাপনা প্রধান/ইনচার্জ.....।
৪। সকল উপ-মহাব্যবস্থাপক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।।
৫। উপ-মহাব্যবস্থাপক, পরিকল্পনা ডিপার্টমেন্ট , বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
৬। উপ-মহাব্যবস্থাপক, কমন সার্ভিস এন্ড প্রটোকল ডিপার্টমেন্ট , বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
৭। উপ-মহাব্যবস্থাপক, মেইন্টেন্যান্স ডিপার্টমেন্ট , বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
৮। উপ-মহাব্যবস্থাপক, নিরীক্ষা ডিপার্টমেন্ট, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
৯। উপ-মহাব্যবস্থাপক, হিসাব ডিপার্টমেন্ট , বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
১০। ব্যবস্থাপক, ভেহিক্যাল মেইন্টেন্যান্স শাখা, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
১১। ব্যবস্থাপক (চলতি দায়িত্ব), ট্রান্সপোর্ট শাখা, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
১২। উপ-ব্যবস্থাপক , ট্রান্সপোর্ট শাখা, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
১৩। সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং), সহকারী পরিচালক (ইঞ্জি:)-এর কার্যালয়, বিআরটিএ, কুমিল্লা সার্কেল, কুমিল্লা।
১৪। বিভাগীয় প্রধান বা তার প্রতিনিধি, মেকানিক্যাল ডিপার্টমেন্ট, কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউট, কোটবাড়ি, কুমিল্লা।।
১৫। অফিস কপি।।

১২-১০-২০২৬
আপ্তাব উদ্দিন
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)